

বালিকাকে

যে নৌকো ভেসে যায় তার দিকে তাকিয়ো থেকোনা ।  
 নদীর বুকের থেকে, নদীর দুকুল ঢেকে দিয়ে  
 হাওয়ার ঝাপট মারে বিশাল ডানার মহাচিল--  
 তার ডাকে প্রান্তগামী যে নৌকোটি ওইহলে দুলে ওঠে  
 পাড়ের বালিতে বসে তার দিকে তাকিয়ে থেকোনা ।

ঘরেতে শাস্ত মেঝে, আচমনে বসেছেন বাবা  
 গেলাশে লম্বা ছায়া বিশ্ববতী মুখ ঢেকে হাসো--

দূর নদী দূরে দূরে বাঁক ফিরে যায়, চলে যায়  
 ঘর ছেড়ে পাড়ে গিয়ে তাকে শুধু ভেসে যেতে দাও ।

সৌমিত্র বসু

